গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-২২, ঢাকা
প্লট নং- ১৬ ও ১৮, নাভানা সেন্ট্রয়েড (৬ষ্ঠ তলা), গরীব-ই-নেওয়াজ এভিনিউ,সেক্টর- ১৩, উত্তরা, ঢাকা
www.taxeszone22dhaka.gov.bd

নথি নংঃ উৎসে কর কর্তন/কঃঅঃ-২২/২০২৪-২০২৫/ ৮৪৫

তারিখঃ ২৬/১১/২০২৪ খ্রি.

| বায়রা সচিবালয়, ঢাকা | | |
|---|---|---|
| সম্মানিত সভাপতি/মহাসচিব/ অর্থসচিব/............... | | সচিব |
| ম্যানেজার/ওএস/এসও/এও/ আইটিও/................... | | |
| রিসেপশনিষ্ট | | |
| ডকেট/ডায়েরী নং | 26/5 | |
| তারিখ ও সময় | 26/11/24 | |

প্রেসিডেন্ট
বাংলাদেশ এসোসিয়েন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)
বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০

বিষয় ঃ  জনশক্তি রপ্তানি  হতে উৎসে কর্তিত /সংগৃহীত কর যথাযথ কোডে জমা প্রদান।

সূত্র ঃ জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.২৩.৭৪০, তারিখঃ ১৮/১২/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

কর বিভাগ সম্প্রসারণের পরিপ্রেক্ষিতে আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২১ অনুযায়ী কর্তিত/সংগৃহীত উৎসে কর্তিত কর, কর অঞ্চল-২২, ঢাকা এর অধিক্ষেত্রাধীন। ইতোমধ্যে  জাতীয় রাজস্ব বোর্ড, সূত্রোক্ত পত্রের মাধ্যমে এতদ্‌সংশ্লিষ্ট অধিক্ষেত্র আদেশ জারী করেছে (কপি সংযুক্ত)।

আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২১ মোতাবেক জনশক্তি রপ্তানি বাবদ সংগৃহীত সার্ভিস চার্জ বা ফি হতে ১০% (দশ শতাংশ) হারে উৎসে কর এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ধারা ৯ এর অধীনে লাইসেন্স ইস্যু বা নবায়নের আবেদনের সাথে ৫০,০০০/- টাকা (পঞ্চাশ হাজার টাকা) উৎসে অগ্রীম কর কর্তনের বিধান রয়েছে (কপি সংযুক্ত)।

এ প্রেক্ষিতে, বাংলাদেশ এসোসিয়েন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা) এর সদস্যভূক্ত সকল এজেন্সী হতে আয়কর আইন ২০২৩ এর ধারা ১২১ মোতাবেক জনশক্তি রপ্তানি বাবদ সংগৃহীত সার্ভিস চার্জ বা ফি হতে ১০% (দশ শতাংশ) হারে উৎসে কর এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ধারা ৯ এর অধীনে লাইসেন্স ইস্যু বা নবায়নের আবেদনের সাথে ৫০,০০০/- টাকা (পঞ্চাশ হাজার টাকা) উৎসে অগ্রীম কর সদর দপ্তর (প্রশাসন), কর অঞ্চল-২২, ঢাকা এর অনুকূলে জমাদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কর অঞ্চল-২২, ঢাকায়  চালান জমা দেয়ার কোড  নিম্নরূপ ঃ

কোম্পানী- "১১১০২১৫১৪২৬৩৬-১১১১১০১-১১১০২১৭১০২৭১০-১১১২১০১"
কোম্পানী ব্যতীত- "১১১০২১৫১৪২৬৩৬-১১১১১০১-১১১০২১৭১০২৭১০-১১১১১১০১"

''জাতীয় রাজস্ব আহরণের স্বার্থে আপনার সার্বিক সহযোগিতা একান্ত কাম্য"।

26/11/2024

(মোঃ মোস্তাফিজুর রহমান)
কর কমিশনার
কর অঞ্চল-২২, ঢাকা

---

## বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)

বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৪১০৩২১৩৬-৩৮

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৪/৬৫২

তারিখঃ ২৬/১১/২০২৪

জনশক্তি রপ্তানি হতে উৎসে কর্তিত/সংগৃহীত কর যথাযত কোডে জমা প্রদানের জন্য কর কমিশনারের কার্যালয় কর অঞ্চল-২২, ঢাকা কর্তৃক উপরোল্লেখিত নির্দেশনা মোতাবেক জমা প্রদানের জন্য বায়রা'র সম্মানিত সদস্যদের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মাহফুজুর রহমান)
অফিস সুপার, বায়রা।

বিতরণ-  সদয় কার্যার্থেঃ  সম্মানিত সদস্য (সকল),
বায়রা ( নোটিশ বোর্ড, ওয়েবসাইট, ই-মেইল ও হোয়াটসঅ্যাপ গ্রুপ এ প্রেরিত)।

সদয় জ্ঞাতার্থেঃ ১। সম্মানিত সভাপতি/মহাসচিব, বায়রা।

(৩) এই ধারার অধীন কর্তনকৃত কর, যে আয়ের উপর উক্ত কর কর্তন করা হইয়াছে, উক্ত আয়ের উপর প্রাপকের ন্যূনতম করদায় বলিয়া গণ্য হইবে এবং কোনো দাবির বিপরীতে উহা সমন্বয় করা যাইবে না।

(৪) কোনো কোম্পানি শেয়ার হস্তান্তর হইতে কোনো অনিবাসী করদাতার পক্ষে মূলধনি আয় উদ্ভূত হইলে, উক্ত শেয়ার হস্তান্তর কার্যকরের জন্য দায়ী ব্যক্তি বা, ক্ষেত্রমত, কর্তৃপক্ষ, উক্ত মূলধনি আয়ের উপর প্রদেয় কর পরিশোধিত না হইলে, উক্ত হস্তান্তর কার্যকর করিবেন না।

(৫) এই ধারার অধীন সংগৃহীত কোনো কর নিবাসী কোনো ব্যক্তির নামে জমা হইলে এই ধারার অধীন কর সংগৃহীত হয় নাই মর্মে গণ্য হইবে।

(৬) অনিবাসী বরাবর প্রেরিত নিম্নবর্ণিত অর্থ রেমিটকালে এই ধারার অধীন উৎসে কর কর্তন প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) আরবিট্রেশন ফি;

(খ) হজ্জ বাবদ প্রেরিত অর্থ;

(গ) প্রায়োরিটি পাস বাবদ অর্থ।

## তৃতীয় অধ্যায়
## উৎসে কর সংগ্রহ

১২০। **আমদানিকারকদের নিকট হইতে কর সংগ্রহ।**—কমিশনার, কাস্টমস বা এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কর্মকর্তা পণ্যের আমদানি মূল্যের উপর নির্ধারিত, অনধিক ২০% (বিশ শতাংশ) হারে, উৎসে কর সংগ্রহ করিবেন।

১২১। **জনশক্তি রপ্তানি হইতে কর সংগ্রহ।**—জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক—

(ক) জনশক্তি রপ্তানিকারী এজেন্সিসমূহকে জনশক্তি রপ্তানিতে ক্লিয়ারেন্স প্রদান করিবেন না যদি না এজেন্সিসমূহ জনশক্তি রপ্তানি বাবদ গৃহীত সার্ভিস চার্জ বা ফি'র ১০% (দশ শতাংশ) কর জমার চালানের কপি আবেদনের সহিত জমা প্রদান করে;

(খ) বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৮ নং আইন) এর ধারা ৯ এর অধীন লাইসেন্স ইস্যু বা নবায়ন করিবেন না যদি না জনশক্তি রপ্তানিকারী এজেন্সি এই মর্মে দাখিলকৃত আবেদনের সহিত ৫০ (পঞ্চাশ) হাজার টাকার করের চালান জমা প্রদান করে।

আমরা বদলে যাবো
আমরা বদলে দেবো

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা**

নথি নং- ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.২৩.৭৪০

তারিখ: ০৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ১৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা-৮ এর উপধারা-৪ ও উপধারা-৫ এর প্রদত্ত ক্ষমতাবলে এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং ০৮.০০.০০০০.০৩৭.১৫.০২২.২২-১১৩, তারিখঃ ১৯/১১/২০২৩ খ্রি. এর প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড এ বিষয়ে ইতঃপূর্বে জারিকৃত অধিক্ষেত্র সংক্রান্ত সকল আদেশ রহিত করে এ মর্মে নির্দেশ প্রদান করছে যে, নিম্নোক্ত তফসিল অনুযায়ী কলাম-৩ এ বর্ণিত অধিক্ষেত্র ন্যস্ত করা হলো এবং এতে অন্য কোনো মহাপরিচালক/কর কমিশনারের অধিক্ষেত্র থাকবে না।

## তফসিল

## কর অঞ্চল-১, ঢাকা (পুনর্গঠিত)

| ক্রমিক নং | অধিক্ষেত্রের প্রকৃতি | প্রস্তাবিত অধিক্ষেত্র | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | কোম্পানিজ | ঢাকা জেলায় প্রধান কার্যালয় অবস্থিত ইংরেজী বর্ণমালার 'A' দ্বারা আরম্ভ পরবর্তী বর্ণ a থেকে m (Aa- Am) পর্যন্ত লিমিটেড কোম্পানী এবং উল্লিখিত কোম্পানীর বার্ধক্য তহবিল বা পেনশন তহবিল, আনুতোষিক তহবিল, স্বীকৃত ভবিষ্য তহবিল ও পরিচালকবৃন্দের কর মামলাসমূহ (এল.টি.ইউ ব্যতীত)। | |
| ২ | কন্ট্রাকটরস | কোম্পানী ব্যতীত ঢাকা জেলার ইংরেজী বর্ণমালার 'B' দ্বারা শুরু ঠিকাদার শ্রেণীর কর মামলাসমূহ। | |
| ৩ | বৈতনিক | ১। ঢাকা জেলায় প্রধান কার্যালয় অবস্থিত ইংরেজী বর্ণমালার 'A' দ্বারা আরম্ভ পরবর্তী বর্ণ a থেকে m (Aa- Am) পর্যন্ত লিমিটেড কোম্পানীর ঢাকায় কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহ।<br>২। ইংরেজী বর্ণমালার A হইতে F অক্ষর দ্বারা শুরু সকল বেসরকারি ব্যাংক ও অর্থলগ্নিকারী প্রতিষ্ঠানের ঢাকায় কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহ।<br>৩। বৃহৎ করদাতা ইউনিট এর অধিক্ষেত্রাধীন বিমান বাংলাদেশ এয়ারলাইনস লি:, জিএমজি এয়ারলাইন্স, এসকে আকিজ উদ্দিন লি:, ইউনাইটেড ঢাকা টোবাকো লি:, পারফেক্ট টোবাকো লি:, ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ লি:, আলফা টোবাকো ম্যানুফ্যাকচারিং কোং লি: এ ঢাকায় কর্মরত কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কর মামলাসমূহ।<br>৪। সকল বিদেশি এয়ারলাইন্সে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কর মামলাসমূহ।<br>৫। ঢাকা জেলায় অবস্থিত নিম্নলিখিত কর্পোরেশনসমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহঃ ১। বি.এস.ই.সি ২। বাংলাদেশ পর্যটন কর্পোরেশন। ৩। বি.আই.ডাব্লিউ.টি.সি ৪। আই.সি.বি ৫। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড ৬। বি.আই.ডি.এস ৭। বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন সংস্থা। ৮। বাংলাদেশ হ্যান্ড লুম ৯। জাতীয় ক্রীড়া উন্নয়ন বোর্ডে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহ। | |

# কর অঞ্চল-২২, ঢাকা (নতুন অফিস)

| ক্রমিক নং | অধিক্ষেত্রের প্রকৃতি | প্রস্তাবিত অধিক্ষেত্র | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | কোম্পানিজ | ঢাকা জেলায় প্রধান কার্যালয় অবস্থিত ইংরেজী বর্ণমালার 'E' দ্বারা শুরু লিমিটেড কোম্পানী এবং উল্লিখিত কোম্পানীর বার্ধক্য তহবিল বা পেনশন তহবিল, আনুতোষিক তহবিল, স্বীকৃত ভবিষ্য তহবিল ও পরিচালকবৃন্দের কর মামলাসমূহ (এল.টি.ইউ ব্যতীত)। | |
| ২ | কন্ট্রাকটরস | কোম্পানী ব্যতীত ঢাকা জেলার ইংরেজী বর্ণমালার "N" দ্বারা শুরু এরূপ ঠিকাদার শ্রেণীর কর মামলাসমূহ। | |
| ৩ | বৈতনিক | ১। ঢাকা জেলায় প্রধান কার্যালয় অবস্থিত ইংরেজী বর্ণমালার 'E' দ্বারা শুরু লিমিটেড কোম্পানীর ঢাকায় কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহ।<br>২। বাংলাদেশ ব্যাংক এবং সোনালী ব্যাংকের ঢাকায় কর্মকর্তা/কর্মচারীবৃন্দের কর মামলাসমূহ।<br>৩। সকল ভেজিটেবল অয়েল রিফাইনারী লিমিটেড কোম্পানীর ঢাকায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহ।<br>৪। পর্যায় নির্বিশেষে ঢাকা জেলার সকল ট্রাভেল এজন্সী ও জনশক্তি রপ্তানীকারক প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহ।<br>৫। বৃহৎ করদাতা ইউনিট এর অধিক্ষেত্রাধীন শবনম ভেজিটাবেল অয়েল লি:, বে ফিসিং কর্পোরেশন লি:, মেঘনা ভেজিটেবল ওয়েল লি: এ ঢাকায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কর মামলাসমূহ। | |
| ৪ | ভৌগোলিক | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিম্নলিখিত ওয়ার্ডসমূহঃ<br>**ওয়ার্ড নং-৪৩** : ডেলনা, তলনা, মাউসতল, পাতিরা, পিংক সিটি ও ডুমনি সহ ওয়ার্ডের অন্যান্য এলাকা।<br>**ওয়ার্ড নং-৪৪ :** আমাইয়া, বড়বাড়ী, চামুরখান, কাঁচকুড়া, স্নানঘাটা, ভাটুরিয়া, পলাশিয়া, ছোট পলাশিয়া, পোড়াদিয়া, রাতুটি, ভারারদি, আক্তারটেক, বাওথার, বেতুলী, করিমের বাগ ও দোবাদিয়া সহ ওয়ার্ডের অন্যান্য এলাকা।<br>**ওয়ার্ড নং-৪৫ :** উত্তরখান (দক্ষিণ অংশ) ও উত্তরখান (উত্তর অংশ) সহ ওয়ার্ডের অন্যান্য এলাকা।<br>**ওয়ার্ড নং-৪৬:** বাবুর পাড়া, বড়বাগ, ওজা পাড়া, রাজাবাড়ী, মুন্ডা পুলার টেক, ভাটুলিয়া, মাউছাইদ, বাদুরী পাড়া, চানপাড়া, ফৌজারবাড়ী, গোবিন্দপুর, খঞ্জুরদিয়া, কমুদ খোলা, মৈনারটেক, নিন্নিরটেক, নোয়াখোলা, সাওরারটেক ও উজানপুর সহ ওয়ার্ডের অন্যান্য এলাকা।<br>**ওয়ার্ড নং-৪৭:** ফায়দাবাদ, কোটবাড়ী, মৌশাইর ও চালাবন সহ ওয়ার্ডের অন্যান্য এলাকা।<br>**ওয়ার্ড নং-৪৮:** দক্ষিণখান, সোনার খোলা, হলান, আনল, বরুয়া ও জামুন সহ ওয়ার্ডের অন্যান্য এলাকা।<br>**ওয়ার্ড নং-৪৯ :** কাওলার, আশকোনা ও গাওয়াইর সহ ওয়ার্ডের অন্যান্য এলাকা।<br>**ওয়ার্ড নং-৫০:** মোল্লারটেক, ইরশাল ও আজমপুর সহ ওয়ার্ডের অন্যান্য এলাকা। | |
| ৫ | উৎসে কর | ১। সকল ট্রাভেল এজেন্টের নিকট হতে-(ধারা ৯৫)।<br>২। জনশক্তি রপ্তানি – (ধারা ১২১)। | |
| ৬ | বিশেষ অধিক্ষেত্র | ১। ঢাকা জেলায় প্রধান কার্যালয় অবস্থিত সকল ভেজিটেবল অয়েল রিফাইনারী লিমিটেড কোম্পানী ও তাদের পরিচালকদের কর মামলাসমূহ।<br>২। ঢাকা জেলার সকল পর্যায়ের ট্রাভেল এজেন্ট ও জনশক্তি রপ্তানীকারকদের কর মামলাসমূহ। | |

০৫। ২য় পর্যায়ে কর অঞ্চল-৫/৬-চট্টগ্রাম, কর অঞ্চল- কক্সবাজার/ফরিদপুর/নরসিংদী/যশোর/কুষ্টিয়া/দিনাজপুর/নোয়াখালি এর কার্যক্রম শুরু হবে।

০৬। ৩য় পর্যায়ে আন্তর্জাতিক কর ইউনিট, কর অঞ্চল-পাবনা, কর আপীল অঞ্চল- ৫/৬, ঢাকা, কর আপীল অঞ্চল-২, চট্টগ্রাম, কর আপীল অঞ্চল-রংপুর এর কার্যক্রম শুরু হবে।

০৭। কর আপীল অঞ্চলসমূহের অধিক্ষেত্র আদেশ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পরবর্তীতে প্রণীত হবে।

০৮। কর পরিদর্শন পরিদপ্তরের বিদ্যমান অধিক্ষেত্র ও কার্যপরিধি অপরিবর্তিত থাকবে।

০৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। তবে ১ম পর্যায়ের নবসৃষ্ট কর অঞ্চলসমূহে আয়কর নথি বদলি, কর নির্ধারণ ও কর আহরণ সংক্রান্ত কার্যক্রম আগামী ১ জুলাই ২০২৪ তারিখ হতে কার্যকর হবে। ২য় পর্যায় ও ৩য় পর্যায়ের কার্যক্রম শুরুর তারিখ পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারি করা হবে।

১০। ২য় ও ৩য় পর্যায়ের নবসৃষ্ট কর অঞ্চলসমূহের কার্যক্রম শুরুর পূর্ব পর্যন্ত উক্ত নবসৃষ্ট কর অঞ্চলসমূহের অধিক্ষেত্র বর্তমানে বিদ্যমান কর অঞ্চলসমূহের অধীনে থাকবে।

১১। জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগের সম্মতি ও প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সিদ্ধান্ত এবং মাননীয় অর্থমন্ত্রী ও মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনের পরিপ্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত ১৮/১২/২০২৩

(সৈয়দ মোহাম্মদ আবু দাউদ)
সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.২৩.৭৪০

তারিখ: ০৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ১৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। সদস্য (সকল-আয়কর অনুবিভাগ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল।
০৩। মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমি/ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/ কর পরিদর্শন পরিদপ্তর।
০৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫-ঢাকা।
০৫। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪-চট্টগ্রাম।
০৬। কর কমিশনার, কর অঞ্চল-নারায়ণগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/বগুড়া/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/কুমিল্লা।
০৭। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল।
০৮। কর কমিশনার, কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা, কর আপীল অঞ্চল-১, চট্টগ্রাম, কর আপীল অঞ্চল- খুলনা /রাজশাহী।
০৯। কর কমিশনার, কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট/ই-ট্যাক্স ব্যবস্থাপনা ইউনিট/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট।
১০। প্রথম সচিব (সকল-আয়কর অনুবিভাগ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১। পিএস টু চেয়াররম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২। দ্বিতীয় সচিব (সকল-আয়কর অনুবিভাগ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩। প্রেসিডেন্ট/প্রধান নির্বাহী কর্মকর্তা, ......................................।
১৪। সকল ইনকাম ট্যাক্স বার।

১৮/১২/২০২৩

(মোঃ আতাউর রহমান)
দ্বিতীয় সচিব
কর পরিবীক্ষণ ও সমন্বয়।